

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৯৩
সোনামুড়া, ২৩ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
নলছড় ব্লকে লক্ষণডেপা গ্রামপঞ্চায়েতে বিকাশ শিবির

নলছড় ব্লকের লক্ষণডেপা নাট মন্দিরে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল দুদিন ব্যাপী এক বিকাশ শিবিরের সূচনা হয়। ব্লকের জুমেরডেপা, লক্ষণডেপা ও রাজীবনগর গ্রামপঞ্চায়েতকে নিয়ে এই বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। গতকাল শিবিরের প্রথম দিনে সোনামুড়া মহকুমা প্রশাসন থেকে ২১টি পিআরটিসি, ৩০টি ইনকাম, ৯টি ওবিসি, ৭টি এসসি ও ৩টি ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়াও ৫৭ জনের কাছ থেকে আর ও আর সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ২১ জন কৃষকদের কাছ থেকে কেসিসি ঋণের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া শ্রমদপ্তর থেকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পে ৫ জনের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়।
